



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/15/2021

গভর্নর ক্যাথি হোচুল

নতুন মহামারী-যুগের সাবওয়ে চলাচলের রেকর্ডের ঘোষণা করেছেন গভর্নর হোচুল

সাবওয়ে চলাচল 3.2 মিলিয়নের উর্ধ্বসীমায় পৌঁছে গেছে অক্টোবর 14 তারিখে প্রথম বার মহামারীর শুরু হওয়ার পরে

পরিষেবা সরবরাহে 92% এ উন্নত হয়েছে

সাবওয়ে, বাস এবং যাত্রীবাহী রেল একত্রিত হয় 5 মিলিয়ন দৈনিক যাত্রীর সংখ্যা অতিক্রম করার জন্য

গভর্নর ক্যাথি হোচুল আজ 14 অক্টোবরে নতুন 3,236,904 গ্রাহকের মহামারী-যুগের সাবওয়ে চলাচলের রেকর্ডের ঘোষণা করেছেন যা 7 অক্টোবরের প্রায় 50,000 গ্রাহকের রেকর্ড অতিক্রম করেছে। স্ট্যাটেন আইল্যান্ড রেলওয়েও (Staten Island Railway) একটি রেকর্ড স্থাপন করেছে 7,367 গ্রাহক বহন করে যার একত্রিত মোট সংখ্যা হয় 3,244,271। সামগ্রিকভাবে, সাবওয়ে সিস্টেমটি অক্টোবরে এখন পর্যন্ত আট বার 3 মিলিয়নেরও বেশি গ্রাহককে বহন করেছে।

গভর্নর আরও ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক সিটি সাবওয়েতে পরিষেবা সরবরাহ, ভীড়ের সময়ে প্রদান করা নির্ধারিত ট্রেনের শতাংশ, যা লাইনের ব্যস্ততম অংশ বরাবর পরিমাপ করা হয়, তা অক্টোবরে 92 শতাংশে বৃদ্ধি পায় দৈনিক বিলম্ব 13 শতাংশেরও বেশি হ্রাস পাওয়ার সাথে, যার ফলে আরেকটি নতুন মহামারী-যুগের যাত্রী চলাচলের রেকর্ড তৈরি হয় বৃহস্পতিবার, 14 অক্টোবর।

"রেকর্ড ভাঙা পরিবহন যাত্রী চলাচল একটি সংকেত পাঠায় যে নিউ ইয়র্কের প্রত্যাবর্তন কেবল আরো শক্তিশালী হচ্ছে" **গভর্নর হোচুল বলেন।** "বাস, সাবওয়ে এবং যাত্রীবাহী রয়েল ব্যবস্থা আমাদের অর্থনীতির মেরুদণ্ড, যখন মানুষ কর্মস্থলে ফিরে আসছে এবং আমরা এই প্রতিশ্রুতিশীল গতিবেগ বজায় রাখতে মেট্রোপলিটান ট্রান্সপোর্টেশন এজেন্সির (Metropolitan Transportation Agency, MTA) সাথে কাজ চালিয়ে যাবো।"

বাসে যাত্রী চলাচল একটি সুস্থ পুনরুদ্ধার অব্যাহত রেখেছে, এই মাসে 1.4 মিলিয়নেরও বেশি যাত্রী বহন করে। সামগ্রিকভাবে নিউ ইয়র্ক সিটি ট্রানজিট (New York City Transit) অক্টোবরে নয় মিলিয়ন যাত্রী বহন করেছে।

সাবওয়ে এবং বাসে উৎসাহজনক মোট সংখ্যা ছাড়াও, উভয় যাত্রী রেলপথ একটি শক্তিশালী পুনরুদ্ধারের লক্ষণ দেখাচ্ছে। মেট্রো-নর্থয়ের (Metro-North Railroad) সপ্তাহের কাজের দিনগুলিতে ধারাবাহিকভাবে 122,000 এর কাছাকাছি থেকেছে। লং আইল্যান্ড রেল রোড (Long Island Rail Road) অক্টোবর মাসে প্রতি সপ্তাহের কাজের দিনে গড়ে 150,000 গ্রাহক বহন করেছে। 14 অক্টোবর লং আইল্যান্ড রেল রোড এবং মেট্রো-নর্থ রেলরোডের সাথে NYCT বাস এবং সাবওয়ে মিলিয়ে 5,000,000 যাত্রী অতিক্রম করেছে।

MTA-র ভারপ্রাপ্ত সভাপতি এবং সিইও জ্যানো লিবার বলেন, "নিউ ইয়র্কবাসীরা তাদের পা বাড়িয়ে অগ্রসর হচ্ছেন যাতে তারা দেখতে পারেন যে পরিবহন ব্যবহার করে তারা নিরাপদ এবং স্বাচ্ছন্দ্য বোধ করেন এবং আমরা তাদের ফিরে আসতে স্বাগত জানতে পেরে উৎফুল্ল। যাত্রী বহনের রেকর্ডগুলি দেখাক যে MTA আনুষ্ঠানিকভাবে তার স্বাভাবিক পথে ফিরে এসেছে এবং এই অঞ্চলের পুনরুজ্জীবনে নেতৃত্ব দিতে প্রস্তুত।"

"**ওয়েলকাম ব্যাক নিউ ইয়র্ক**" নামে একটি শক্তিশালী পাবলিক মেসেজিং ক্যাম্পেইন যার উদ্দেশ্য নিউ ইয়র্কবাসীদের সিস্টেমে ফিরে আসার আহ্বান জানানো, সেটি অথোরিটি আনুষ্ঠানিকভাবে চালু করার কয়েক সপ্তাহ পরেই সাম্প্রতিক যাত্রী বহনের রেকর্ডগুলি জন গেছে।

মহামারী শুরু হওয়ার পর থেকে MTA অভূতপূর্ব পরিষ্কার এবং জীবাণুমুক্তকরণ প্রোটোকল অবলম্বন করেছে যাতে সিস্টেমটি তার গ্রাহকদের জন্য যতটা সম্ভব নিরাপদ হয় তা নিশ্চিত করা যায়। কর্তৃপক্ষ শক্তিশালী জনশিক্ষা প্রচারণাও শুরু করেছে এবং তার গ্রাহকদের লক্ষ লক্ষ মাস্ক প্রদান করেছে।

মহামারীর আগে, গড় সপ্তাহের কাজের দিনের চলাচলের সংখ্যা নিয়মিতভাবে 5.5 মিলিয়ন অতিক্রম করেছে সাবওয়ে সিস্টেমে। নিউ ইয়র্ক সিটি এলাকায় কোভিড-19 কেসের সংখ্যা তুঙ্গে থাকায় 2020 সালের এপ্রিল মাসে এই সংখ্যা 95 শতাংশ কমে প্রায় 300,000 দৈনিক যাত্রায় নেমে এসেছে। MTA কর্মচারীরা সম্মুখ সারির স্বাস্থ্যসেবা পেশাজীবী এবং অন্যান্য অপরিহার্য কর্মীদের জন্য পরিষেবা প্রদান করা অব্যাহত রেখেছে যাদের নিউ ইয়র্ক সিটির ইতিহাসের সব চেয়ে কাঠিন দিনগুলিতে কাজে যাওয়ার প্রয়োজন ছিল।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | একজিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)